# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

বাংলাদেশ শিশু একাডেমি
দোয়েল চত্বর সড়ক
শাহবাগ, ঢাকা-১০০০
www.shishuacademy.gov.bd

"শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা"

স্মারক নং- ৩২.০৩.০০০০.১০০.১১.০০২.২১

তারিখ : ০১.০৬.২০২২ খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন বাংলাদেশ শিশু একাডেমির নিম্নলিখিত রাজস্ব খাতভুক্ত স্থায়ী পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্র. নং | পদের নাম | সংখ্যা | বেতন স্কেল ও গ্রেড (জাতীয় বেতন স্কেল ২০১৫) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ১. | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা | ২ (দুই)টি | স্কেল-২২০০০-৫৩০৬০/- গ্রেড-৯ম | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। | সকল জেলা |
| ২. | উচ্চমান সহকারী | ২ (দুই)টি | স্কেল-১০২০০-২৪৬৮০/- গ্রেড-১৪তম | Ministries and Divisions (Upper Division Assistant and Section Assistant) Recruitment Rules, 1984 অনুযায়ী। কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি। | ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ, ফরিদপুর, মাদারীপুর, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোণা, চট্টগ্রাম, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, কুমিল্লা, ফেনী, লক্ষীপুর, নোয়াখালী, রাজশাহী, জয়পুরহাট, পাবনা, সিরাজগঞ্জ, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, রংপুর, কুড়িগ্রাম, নীলফামারী, ঠাকুরগাঁও, খুলনা, যশোর, ঝিনাইদহ, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, ভোলা, পটুয়াখালী, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ ও হবিগঞ্জ |
| ৩. | হিসাব সহকারী | ১ (এক)টি | স্কেল-১০২০০-২৪৬৮০/- গ্রেড-১৪তম | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। | |
| ৪. | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | ১ (এক)টি | স্কেল-১০২০০-২৪৬৮০/- গ্রেড-১৪তম | Stenographers and Steno-typists (Ministries, Division & Attached Departments) Recruitment Rules. 1978 অনুযায়ী। তবে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন গতি "সাঁট-লিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁট-মুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস সহকারী কাম-মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম-অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগযোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০" অনুযায়ী।<br>(ক) শর্টহ্যান্ডে প্রতি মিনিটে ইংরেজিতে ৮০ ও বাংলায় ৩০ শব্দ, টাইপিং এ প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ ও বাংলায় ২৫ শব্দের গতি এবং<br>(খ) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট। | |
| ৫. | প্রুফ রিডার | ১ (এক)টি | স্কেল-১০২০০-২৪৬৮০/- গ্রেড-১৪তম | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি;<br>(খ) সংশ্লিষ্ট বিষয়ে বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(গ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। | |
| ৬. | লাইব্রেরিয়ান-কাম-মিউজিয়াম কীপার | ২ (দুই)টি | স্কেল-১০২০০-২৪৬৮০/- গ্রেড-১৪তম | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গ্রন্থাগার বিজ্ঞানে স্নাতক ডিগ্রি অথবা কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ কোনো স্বীকৃত ইনস্টিটিউট হতে গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। | |
| ৭. | অফিস সহকারী -কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৯ (নয়)টি | স্কেল-৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬তম | নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাস রাইডার, দপ্তরী ও এম.এল.এস.এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী। তবে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন গতি "সাঁট-লিপিকার বা স্টেনোগ্রাফার বা সাঁট-মুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস সহকারী কাম-মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০" অনুযায়ী।<br>কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে গতি ইংরেজিতে ২০ শব্দ ও বাংলায় ২০ শব্দ এবং উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট থাকতে হবে। | |
| ৮. | ইলেকট্রিশিয়ান | ১ (এক)টি | স্কেল-৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬তম | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট; এবং<br>(খ) বৈধ লাইসেন্সসহ ইলেকট্রিক কাজে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ৯. | ফটোকপি অপারেটর | ১ (এক)টি | স্কেল-৮৮০০-২১৩১০/- গ্রেড-১৮তম | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট; এবং<br>(খ) সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ০২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে | |

**শর্তাবলি :**

১. সকল প্রার্থীকে অনলাইনে https://erecruitment.bcc.gov.bd ওয়েব সাইটের মাধ্যমে আগামী ৩০.০৬.২০২২ তারিখ রাত ১১:৫৯ মিনিটের মধ্যে আবেদন করতে হবে। সরাসরি অথবা ডাকযোগে কোনো আবেদনপত্র গ্রহণযোগ্য নয়।
২. অনলাইন আবেদনের জন্য https://erecruitment.bcc.gov.bd ওয়েব সাইটে প্রবেশ করে প্রথমে নিবন্ধন করতে হবে। নিবন্ধনের জন্য ই-মেইল ও মোবাইল নম্বর আবশ্যক। নিবন্ধন সম্পন্ন হওয়ার পর নিবন্ধনকারীর ই-মেইলে erecruitment কর্তৃক ই-মেইল এবং পাসওয়ার্ড প্রেরণ করা হবে। প্রাপ্ত ই-মেইল এবং পাসওয়ার্ড দিয়ে লগইন করে আবেদনের প্রয়োজনীয় ধাপসমূহ সম্পন্ন করতে হবে। (প্রয়োজনে সংশ্লিষ্ট ওয়েব সাইট হতে নিবন্ধন গাইড লাইন ও আবেদনের গাইড লাইন অনুসরণ করতে হবে এবং বাংলাদেশ শিশু একাডেমির ফোন নম্বর ০২৯৫১২৫১৭ ও বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের ফোন নম্বর +৮৮০২৫৫০০৭১৮৩ (এক্স-১০৮) এ যোগাযোগ করা যেতে পারে)।
৩. কোটাধারী প্রার্থীদের আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট ডকুমেন্ট আপলোড করতে হবে (ক্রমিক ২-৯ এর জন্য প্রযোজ্য)।
৪. প্রার্থীর বয়সসীমা ০১.০৬.২০২২ খ্রি. তারিখে অবশ্যই ১৮ থেকে অনূর্ধ্ব ৩০ বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধা সন্তানদের/এতিম/শারীরিক প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য বয়সের উর্ধ্বসীমা এবং সর্বপ্রকার কোটা পদ্ধতিতে সরকারি বিধি-বিধান অনুসরণ করা হবে।
৫. নির্ধারিত সময়ের পর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না এবং অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন সফটওয়্যার কর্তৃক গৃহীত হবে না।
৬. পরীক্ষা সংক্রান্ত সকল তথ্যাদি যথাসময়ে ই-মেইল, সিস্টেম ও এসএমএস (SMS)-এর মাধ্যমে জানানো হবে।
৭. সাক্ষাৎকার/পরীক্ষার সময় প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র অথবা জন্মনিবন্ধন, চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র, সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (সত্যায়িত), সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রসহ সংশ্লিষ্ট সকল ডকুমেন্ট/সনদপত্রের মূল কপি এবং (এক) সেট ফটোকপি (সত্যায়িত) দাখিল করতে হবে।
৮. প্রার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
৯. কর্তৃপক্ষ কোনোরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো সময় এই নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার এবং বিজ্ঞপ্তিতে শূন্য পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা বাতিল/সংশোধন বা সংযোজন করার ক্ষমতা সংরক্ষণ করে।
১০. নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনো আপত্তি গ্রহণযোগ্য হবে না।
১১. প্রার্থীদের ক্রমিক নং-০১ উল্লেখিত পদের জন্য ২১২/- (দুই শত বার) টাকা ১২ (বার) টাকা সার্ভিস চার্জসহ, ক্রমিক নং-০২ থেকে ০৮ পদের জন্য ১১২/- (এক শত বার) টাকা ১২ (বার) টাকা সার্ভিস চার্জসহ এবং ক্রমিক নং-০৯ পদের জন্য ৬২/- (বাষট্টি) টাকা ১২ (বার) টাকা সার্ভিস চার্জসহ, DBBL Mobile banking/bkash/Nagad-এর মাধ্যমে অনলাইনে (বিস্তারিত অনলাইন ফরমে পাওয়া যাবে) একবারে প্রদান করতে হবে।
১২. একজন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না।
১৩. উপরে উল্লেখ করা হয়নি এরূপ ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত অন্যান্য বিধি-বিধান প্রযোজ্য হবে।
১৪. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের (ক) জাতীয় পরিচয়পত্র (খ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, প্রশংসাপত্রের সত্যায়িত ফটোকপি (গ) চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র পরবর্তীতে দাখিল করতে হবে। ত্রুটিপূর্ণ, অসম্পূর্ণ, বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

**মো: শরিফুল ইসলাম**
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
বাংলাদেশ শিশু একাডেমি
ফোন : +৮৮০২২২৩৩৮৯০৬১
ই-মেইল : dgbsa22@gmail.com

ডিজি-১২৮৬/২২ (১৮″×৪)